

বাংলাদেশ সুপ্রীম কোর্ট,
হাইকোর্ট বিভাগ
www.supremecourt.gov.bd

স্মারক নং: ৩৬৪

ফৌ.রেকর্ড.

তারিখ:

প্রাপক,

- ০১। সম্পাদক/ বিজ্ঞাপন ম্যানেজার
দৈনিক আমাদের বাংলা
৬৪/৬৮ ইস্টার্ন কমলাপুর কমপ্লেক্স, কক্ষ নং-৩২৩, ঢাকা-১২১৭।
০২। সম্পাদক/ বিজ্ঞাপন ম্যানেজার
দৈনিক দিনের আলো
৪৩৫/এ-২, ওয়ারলেস রেলগেইট, মগবাজার, ঢাকা-১২১৭।

বিষয়ঃ বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের ফৌজদারী রেকর্ড শাখায় উইডিংকৃত ৮৭,৭৪০ টি নথির Part-2 এবং প্রশাসন শাখা-৪ এর নীচতলায় রক্ষিত বেঞ্চ শাখায় ফেরতকৃত কিছু সংখ্যক দৈনিক মামলার তালিকা নিলামে বিক্রয় প্রসঙ্গে।

জনাব,

উপর্যুক্ত বিষয়ের আলোকে এতদসঙ্গে প্রেরিত বিজ্ঞাপনটি তাহার পত্রিকায় ভিতরের পাতায় বিজ্ঞাপনের শিরোনামের সাদাকালো রঙ্গে ফ্রন্ট সাইজ ১৪ (চৌদ্দ) বডিসাইজ ০৯ (নয়) ব্যবহার পূর্বক একদিনের জন্য ছাপানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতঃ প্রকাশিত বিজ্ঞপ্তির ০২ (দুই) কপি পত্রিকাসহ বিল দাখিলের জন্য অনুরোধ করা হইল।

উল্লেখ্য যে, বিজ্ঞপ্তি প্রকাশের ধার্যকৃত মূল্য যাই থাকুক না কেন প্রতি ইঞ্চি কলামের জন্য ২০০/- (দুইশত) টাকা করে অত্র অফিস বিল প্রদান করিবে।

সংযুক্তি: বিজ্ঞপ্তি-০২ (দুই) কপি।

স্বাঃ/

মোঃ সাইফুল ইসলাম মিয়া
ডেপুটি রেজিস্ট্রার (অনুলিপি ও মহাফেজ)
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ।

অনুলিপি ও সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। বিজ্ঞ রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ২। বিজ্ঞ রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৩। অতিরিক্ত রেজিস্ট্রার (সার্বিক ও আদি অধিক্ষেত্র), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৪। সিস্টেম এ্যানালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে পুনঃনিলাম বিজ্ঞপ্তি প্রকাশের অনুরোধসহ)।


(মোঃ ইউসুফ আলী)

সহকারী রেজিস্ট্রার (দেওয়ানী-২)
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ।

স্মারক নং:- ৩৬৬

ফৌ.রেকর্ড.

তারিখ: ১১.০১.২৩


**উইডিংকৃত Part-2 নথি বিক্রয়ের
পুনঃনিলাম বিজ্ঞপ্তি**

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের এ্যানেক্স ভবনের ৪র্থ তলায় ফৌজদারী রেকর্ড শাখায় সংরক্ষিত ০৩ (তিন) বছরের অধিক পুরাতন নিষ্পত্তিকৃত ও উইডিংকৃত ৮৭,৭৪০টি মামলার Part-2 নথি এবং বেঞ্চ ও ডিক্রি শাখার তত্ত্বাবধানে প্রশাসন ভবন-৪ এর নীচ তলায় রক্ষিত কিছুসংখ্যক কজলিস্ট নিলামে বিক্রয়ের নিমিত্ত সংশ্লিষ্ট ক্রয়কারী প্রতিষ্ঠানের নিকট হতে পুনঃদরপত্র আহ্বান করা যাচ্ছে। নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে আগামী ১৭/০১/২০২৩ খ্রি.তারিখ বেলা ০২.০০ ঘটিকার মধ্যে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের সামনে প্রশাসন ভবন-২, ৪র্থ তলা, কক্ষ নং ৪০৪ এ রক্ষিত দরপত্র বাঞ্ছা দরপত্র দাখিল করতে হবে। উক্ত তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ফৌজদারী রেকর্ড শাখায় যোগাযোগ করে বাংলাদেশ সুপ্রীম কোর্ট হাইকোর্ট বিভাগের ফৌজদারী রেকর্ড শাখার বারান্দায় রক্ষিত ০৩ (তিন) বছরের অধিক পুরাতন উইডিংকৃত ৮৭,৭৪০টি মামলার Part-2 এবং কজলিস্ট নথি সরেজমিনে পরিদর্শন করা যাবে।

শর্তাবলী

- ০১। দরপত্রে উইডিংকৃত Part-2 নথি ও কজলিস্টের প্রতি কেজির মূল্য পৃথকভাবে উল্লেখ করতে হবে।
- ০২। দাখিলকারী প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্সসহ প্রয়োজনীয় কাগজপত্রাদি দাখিল করতে হবে।
- ০৩। আগামী ১৭/০১/২০২৩ খ্রিঃ তারিখ দরপত্র দাখিলকারীদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকে) দরপত্র বাস্তব খোলা হবে।
- ০৪। কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত ও যুক্তিযুক্ত দরদাতা প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান করা হবে। উপরে বর্ণিত উইডিংকৃত Part-2 নথি এবং কজলিস্ট Digital Weight Machine দিয়ে ওজন করতঃ ওজন মাসিক সমুদয় মূল্য বাবদ নগদ অর্থ নিলাম কমিটির সভাপতির নিকট তৎক্ষণাৎ পরিশোধ করতে হবে এবং সম্পূর্ণ টাকা পরিশোধ সাপেক্ষে গেইট পাশ সংগ্রহ পূর্বক নির্দিষ্ট তারিখের মধ্যে মালামাল নিজ খরচে ডেলিভারী নিতে হবে। Digital Weight Machine টি মালামাল ডেলিভারীর দিন কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে নিজ খরচে আনতে হবে।
- ০৫। নিলাম ও হস্তান্তর পরবর্তী নিলামকৃত মালামালের কোন ক্রটি ধরা পড়লে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
- ০৬। জামানত হিসেবে দরপত্রের সাথে ২০,০০০/- (বিশ হাজার টাকা) বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের রেজিস্ট্রার বরাবর পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (ফেরতযোগ্য) দাখিল করিতে হইবে। এক্ষেত্রে ব্যাংক চেক/নগদ অর্থ গ্রহণযোগ্য নয়।
- ০৭। নির্ধারিত তারিখের (অফিস চলাকালীন সময়) মধ্যে উইডিংকৃত Part-2 নথি ও কজলিস্ট ডেলিভারী নিতে ব্যর্থ হলে কার্যাদেশ বাতিল বলে গণ্য হবে এবং জামানত বাজেয়াপ্ত হবে।
- ০৮। অসম্পূর্ণ, শর্তযুক্ত, কাঁটা-ছেঁড়া বা ফ্লুইড ব্যবহারকৃত দরপত্র এবং নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন দরপত্র গ্রহণযোগ্য নহে।
- ০৯। নিলামে বিক্রয়কৃত মালামাল নিলাম কমিটির উপস্থিতিতে নিলাম পরবর্তী মণ্ড তৈরি করার শর্তে বিক্রয় করা হবে।
- ১০। কর্তৃপক্ষ সর্বোচ্চ দরপত্র গ্রহণে বাধ্য নহে এবং সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

আদেশক্রমে



১১. ০১. ২০২৩

মোঃ সাইফুল ইসলাম মিয়া

ডেপুটি রেজিস্ট্রার (অনুলিপি ও মহাফেজ)

সভাপতি

টেন্ডার কমিটি

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ।